# ঢাকা বোর্ড-২০১৯

## পৌরনীতি ও নাগরিকতা

বিষয় কোড: | ১ | ৪ | ০ |

## সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.▶** সজীব "ক" নামক একটি দেশে বাস করেন। তার দেশের একজন স্বনামধন্য ব্যক্তি সম্পর্কে বলতে গিয়ে বলেন, উক্ত ব্যক্তি বাল্যকাল থেকেই মানুষের উপকারে কাজ করতেন। অনায়ের প্রতিবাদ করতে গিয়ে জীবনের বেশির ভাগ সময়ে জেলখানায় কাটিয়েছেন। একবার এক বিখ্যাত স্থানে তিনি লাখ লাখ জনতার উদ্দেশ্যে কথা বলতে গিয়ে এমন কথা বলেছেন, সে কথাতেই মানুস সংগ্রামে ঝাঁপিয়ে পড়ে। পরবর্তীতে উক্ত দেশটি বিশ্বের মানচিত্রে স্বাধীন দেশ হিসেবে পরিচিতি লাভ করে।

ক. ছয় দফা বলতে কী বুঝ? ১

খ. ১৯৭০ সালের নির্বাচন গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে সজীব যে ব্যক্তির কথা বলেছেন তার সাথে তোমার পাঠ্যবইয়ের কোন ব্যক্তির মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর "ক" নামক দেশটির স্বাধীনতার সাথে বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের মিল রয়েছে? মতামত দাও। ৪

**২.▶**

| তথ্য-১ | তথ্য-২ | তথ্য-৩ |
|---|---|---|
| * সদস্য দেশসমূহের সাথে সম্পর্কের উন্নয়ন ঘটানো।<br>* প্রতিবেশী দেশের সার্বভৌমত্বের প্রতি শ্রদ্ধাশীল থাকা।<br>* এটি ৮০-র দশকে গঠিত। | * সকল সদস্যের মর্যাদা এক রকম।<br>* বিশেষ প্রয়োজনে একের অধিক সভা আহ্বান।<br>* আলোচনার মধ্য দিয়ে সিদ্ধান্ত গ্রহণ। | * সকল সদস্যের মর্যাদা এক রকম নয়।<br>* যে কোনো সময় সভা আহ্বান।<br>* সমাধান মানতে সদস্যদের বাধ্য করতে পারে। |

ক. অছি এলাকা কাকে বলে? ১

খ. বিশ্ব যুদ্ধের ধ্বংসলীলা থেকে জাতিসংঘের সৃষ্টি— ব্যাখ্যা কর। ২

গ. তথ্য-১ এর বৈশিষ্ট্যসমূহ কোন সংস্থার লক্ষ্য ও উদ্দেশ্যের সাথে সাদৃশ্যপূর্ণ— ব্যাখ্যা কর। ৩

ঘ. সদস্য রাষ্ট্রসমূহের মাঝে পারস্পরিক শান্তি বজায় রাখতে তথ্য-২ ও তথ্য-৩ এর অঙ্গা সংস্থা দুইটির মাঝে কোনটি বেশি কার্যকরী? চিহ্নিতপূর্বক মতামত দাও। ৪

Teachingbd24.com

৩.▶ "চাঁদের হাট" একটি বৃহৎ সংস্থা। সংস্থাটির যাবতীয় কাজ তিনটি শাখার মাধ্যমে পরিচালিত হয়। 'ক' শাখাটি 'খ' শাখা কর্তৃক প্রণীত নীতিমালা ও বিধি-বিধানের আলোকে ন্যায়বিচার নিশ্চিত করে। সংস্থাটি পরিচালনায় কোনো বিধি-বিধানের অস্পষ্টতা দেখা দিলে 'খ' শাখার অধিকাংশ সদস্যের সমর্থনের ভিত্তিতে এর পরিবর্তন আনেন। অন্যদিকে 'গ' শাখাটিও 'খ' শাখা কর্তৃক প্রণীত বিধি-বিধানের আলোকে জনগণের কল্যাণে কাজ করে।

ক. অভিশংসন কি? ১

খ. সচিবালয়কে প্রশাসনের কেন্দ্রবিন্দু বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. "চাঁদের সংস্থাটির 'ক' শাখার কাজের প্রকৃতি বাংলাদেশ সরকারের কোন বিভাগের কাজের প্রকৃতির সাথে সম্পর্কিত? ব্যাখ্যা কর। ৩

ঘ. সংস্থাটির 'খ' শাখা 'গ' শাখাকে কিভাবে নিয়ন্ত্রণ করে পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

৪.▶ মাসুদ সাহেব "সোনালিকা" বহুমুখী সমিতির সদস্য নির্বাচিত হলেন। আবার এই সমিতির সদস্যদের মধ্য থেকে তিনি সভাপতি নির্বাচিত হন। নির্দিষ্ট সময় পর্যন্ত দায়িত্ব পালন করেন। তবে সমিতির সদস্যদের আস্থা হারালে তিনি নির্দিষ্ট সময়ের আগেই পদত্যাগ করতে বাধ্য হন। এর সদস্য এর সভাপতি সবসময় জনকল্যাণমূলক কাজ করেন। অপরদিকে এক ব্যক্তির উদ্যোগে প্রতিষ্ঠিত স্বেচ্ছাসেবী সংগঠন "নিপুণ" এর পরিচালক মামুন সাহেব। তাকে সদস্যদের কেউ অপসারণ করতে পারেন না। তার সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত। মামুন সাহেবের "নিপুণ" সমিতি জনকল্যাণ অপেক্ষা নিজেদের স্বার্থে সংগঠন পরিচালনা করেন। আবার "সোনালী দিন" নামের সংগঠনটি বহুমুখী উন্নয়নমূলক কর্মকাণ্ড পরিচালনা করে। সংগঠনটির পরিচালকগণ পারিবারিকভাবে দায়িত্বপ্রাপ্ত হন।

ক. কল্যাণমূলক রাষ্ট্র কাকে বলে? ১

খ. বৃহৎ রাষ্ট্রের জন্য যুক্তরাষ্ট্রীয় সরকার উপযোগী— ব্যাখ্যা কর। ২

গ. "সোনালিকা" বহুমুখী সমিতির কার্যক্রমের কোন সরকার ব্যবস্থার ইঙ্গিত পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত "নিপুণ" এবং "সোনালী দিন" সংগঠন দুটির প্রকৃতি ভিন্ন— পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

৫.▶ রাশেদ সাহেব নিজ এলাকায় একটি বিদ্যালয় প্রতিষ্ঠা করেন। বিদ্যালয়টি পরিচালনার জন্য কোনো সুস্পষ্ট নীতিমালা নেই। তিনি অন্যান্য বিদ্যালয়ের প্রচলিত নিয়মনীতি অনুসরণ করেন। বিদ্যালয়ের পাশেই রয়েছে "বন্ধন" সমাজকল্যাণ সমিতির অফিস। কখন সমিতির অধিবেশন হবে, সভাপতি ও সম্পাদকের কার্যাবলি কী হবে— এ সম্পর্কে সমিতির সদস্যদের মধ্যে আলোচনা করা হয় এবং একটি গঠনতন্ত্র প্রণয়ন করা হয়। পরবর্তী এক অধিবেশনে সমিতিতে নতুন সদস্য সংগ্রহের ব্যাপারে একটি প্রস্তাব সংখ্যাগরিষ্ঠের সমর্থনে পাস হলে তা গঠনতন্ত্রে সংযোজন করা হয়।

ক. সংবিধান কাকে বলে? ১

খ. ব্রিটিশ সংবিধান তৈরি হয়নি, গড়ে উঠেছে— ব্যাখ্যা কর। ২

গ. রাশেদ সাহেবের বিদ্যালয় পরিচালনায় কোন ধরনের সংবিধানের বৈশিষ্ট্য ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

https://teachingbd24.com

ঘ. বাংলাদেশ সংবিধানের সাথে "বন্ধন" সমাজকল্যাণ সমিতির গঠনতন্ত্রের কোনো মিল খুঁজে পাও কি? মতামত দাও। ৪

৬.▶ 'ক' নামক অঞ্চলে বন্যা হওয়ায় সেখানকার অধিবাসীরা পানিবাহিত বিভিন্ন রোগে আক্রান্ত হয়ে স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান "আনারকলি" এ ভর্তি হয়েছে। দিনমজুর রহিম মিয়া তার অসুস্থ স্ত্রীকে ভর্তি করতে গিয়ে দেখেন পাশের গ্রামের প্রভাবশালী করিম মিয়া ভর্তি হতে পারলেও তিনি তার স্ত্রীকে ভর্তি করতে ব্যর্থ হন। বিষয়টি তিনি উক্ত এলাকার সমাজসেবক মনসুর আলীকে জানান। তিনি দ্রুত ব্যবস্থা নেন এবং বলেন এ ধরনের আচরণ সমাজে বিভেদ সৃষ্টি করবে। তিনি আরো বলেন, সকলের সমান সুবিধা পাওয়ার সুযোগ আছে।

ক. আইন কাকে বলে? ১

খ. সীমাহীন স্বাধীনতা সমাজে বিশৃঙ্খলা সৃষ্টি করে কেন? ব্যাখ্যা কর। ২

গ. দিনমজুর রহিম মিয়া কোন সাম্য থেকে বঞ্চিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সমাজসেবক মনসুর আলীর বক্তব্য সমাজে ভেদাভেদ দূরীকরণে কতটুকু সহায়ক বলে তুমি মনে কর? তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

৭.▶

| তথ্য-১ | তথ্য-২ | তথ্য-৩ |
|---|---|---|
| মামুন রাস্তা দিয়ে হেঁটে যাচ্ছে। হঠাৎ দেখে এক বৃদ্ধ লোকের হাত থেকে তার লাঠিটি পড়ে গেল। মামুন দৌড়ে গিয়ে তার লাঠিটি হাতে তুলে দিল। | বছরের ১ম দিন নতুন পাঠ্যবই পেয়ে ছাত্র-ছাত্রীরা মনের আনন্দে নিয়মিত স্কুলে যেতে শুরু করল। | নির্বাচকমন্ডলী তাদের পছন্দমত প্রার্থীকে ভোট দিয়ে প্রতিনিধি নির্বাচন করল। |

ক. দ্বৈত নাগরিকতা বলতে কী বুঝ? ১

খ. "কর্তব্য পালন ছাড়া অধিকার ভোগ করা যায় না"— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের ১নং তথ্যটি কোন অধিকারের সাথে সম্পৃক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. ২নং ও ৩নং তথ্য দুটি কি অধিকারের একই দিককে নির্দেশ করছে? মতামত দাও।৪

৮.▶ মিনা ও কণা দুই বান্ধবী। মিনার পরিবারের যাবতীয় কাজ, যেমন- হালচাষ, বাজার করা এবং পরিবারের সদস্যদের দেখাশুনা তার পিতাই করে থাকেন। স্কুলের ভর্তি রেজিস্টারে সন্তানেরা নিজের নামের পর শুধু পিতার নাম লেখে থাকেন। অপরপক্ষে, কণার পরিবারে মিনার পরিবারের বিপরীত চিত্র দেখা যায়। কণার পরিবারে তার মায়ের কথাই প্রাধান্য পায়। মায়ের মতামতকে সবাই গুরুত্ব দিতে বাধ্য থাকে।

ক. পৌরনীতি বলতে কী বুঝ? ১

খ. সার্বভৌমত্বকে রাষ্ট্র গঠনের সবচেয়ে গুরুত্বপূর্ণ উপাদান বলা হয় কেন? ব্যাখ্যা কর।২

গ. উদ্দীপকের মিনার পরিবারটি কোন ধরনের পরিবারের ইঙ্গিত বহন করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর, কণার পরিবাটির প্রকৃতি ও বাংলাদেশের অধিকাংশ পরিবারের প্রকৃতি একই? মতামত দাও। ৪

https://teachingbd24.com

৯.▶ দৃশ্যকল্প-১: সাইদুল মিয়া একজন পেঁয়াজ ব্যবসায়ী। সে বিদেশ থেকে ২০ টাকা দরে পেঁয়াজ কিনে ২৫ টাকা দরে বিক্রি করে। একই সময়ে দেশিয় বাজারে পেঁয়াজের দাম ৩৫ টাকা। তথাপিও সে নিজ লাভের চেয়ে জনগণের কল্যাণকে বড় করে দেখে।
দৃশ্যকল্প-২: রহমান ঢাকায় রিকশা চালায়। একদিন এক ব্যক্তি তার রিকশায় একটি ব্যাগ রেখে চলে যায়। পরে ব্যাগটি দেখে রহমান লোকটিকে খোজাখুজি করে। পরে, ব্যাগের ভিতরে লোকটির ঠিকানা পেয়ে ব্যাগটি ফেরত দেয়। এরকম একটি ভাল কাজের পুরস্কার হিসাবে রহমানকে লোকটি টাকা দিতে চাইলে রহমান তা প্রত্যাখ্যান করেন।

ক. অধিকার বলতে কী বুঝ? ১
খ. নিয়মিত কর প্রদান নাগরিকের কর্তব্য কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সাইদুলের মধ্যে সুনাগরিকের কোন গুণটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃশ্যকল্প-২ এ তুমি কি মনে রহমানের কর্মকাণ্ডে উজ্জীবিত হয়ে একজন নাগরিক সমাজে যথাযথ দায়িত্ব পালনে অনুপ্রাণিত হবে? মতামত দাও। ৪

১০.▶ কামাল ও রোকসানার সংসারে এখন পাঁচ মেয়ে ও তিন ছেলে। রিক্সাচালক কামালের সাথে প্রাথমিক শিক্ষা শেষ করার পর পরই রোকসানার বিয়ে হয়। অন্যদিকে রোকসানার আরও দুই সহপাঠী ছিল, শেফালী ও শেলী, তারাও বিবাহিত। শেফালী বলল, স্বামীর আয়ের টাকা দিয়ে মায়ের জন্য একটি শাড়ি কিনেছি বলে আমাকে বকাঝকা করেছে। শেলীও বলল, আমার স্বামী আমার পুত্র সন্তান না হওয়ায় আমাকেই দায়ী করছে।

ক. জনসংখ্যা সমস্যা কী? ১
খ. নিরক্ষর ব্যক্তি সমাজের জন্য বোঝা কেন? ব্যাখ্যা কর। ২
গ. কামাল ও রোকসানার ঘটনা জনসংখ্যা বৃদ্ধির কোন কারণকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর, শেফালী ও শেলীর ক্ষেত্রে নারী নির্যাতনের একই ঘটনা বিদ্যমান? মতামত দাও। ৪

১১.▶ কাশিপুর স্কুলের ছাত্র-ছাত্রীরা তাদের স্কুলের কাজের সুবিধার জন্য পুরো স্কুলের ক্যাপ্টেন নির্বাচনের জন্য উদ্যোগ গ্রহণ করে। প্রথমে প্রতি ক্লাসের ছাত্র-ছাত্রীরা তাদের ক্লাস ক্যাপ্টেন নির্বাচন করে এবং সব ক্লাসের ক্যাপ্টেন মিলে আবার "রাশেদ" কে পুরো স্কুলের ক্যাপ্টেন নির্বাচন করে। এ নির্বাচনটি সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রধান শিক্ষক একটি পাঁচ সদস্যের কমিটি গঠন করে দেন। তারা নির্বাচনি আচরণ বিধিসহ যাবতীয় নিয়ম-কানুন প্রণয়ন করে নির্বাচন পরিচালনা করেন।

ক. নির্বাচন কাকে বলে? ১
খ. এক ব্যক্তি, এক ভোট পদ্ধতি একটি গুরুত্বপূর্ণ পদ্ধতি— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে প্রধান শিক্ষক কর্তৃক গঠিত কমিটির সাথে তোমার পাঠ্যবইয়ের কোন সাংবিধানিক সংস্থার মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে রাশেদের ক্যাপ্টেন নির্বাচিত হওয়ার পদ্ধতি ও বাংলাদেশের রাষ্ট্রপতি নির্বাচিত হওয়ার পদ্ধতিটিকে তুমি কি আলাদা মনে করো? তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

https://teachingbd24.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট  পূর্ণমান — ৩০  বিষয় কোড: | ১ | ৪ | ০ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. সংকীর্ণ অর্থে পৌরনীতির বিষয়বস্তু হলো—**
ⓚ অধিকার ও কর্তব্য
ⓚ সামাজিক ও রাজনৈতিক প্রতিষ্ঠান
ⓖ নাগরিকতার স্থানীয় ও জাতীয় বিষয়
ⓖ নাগরিকতার অতীত ও বর্তমান

**২. বাংলাদেশে নিচের কোন ধরনের পরিবার দেখা যায় না?**
ⓚ এক পত্নীক  ⓚ বহু পত্নীক
ⓖ বহুপতি  ⓖ যৌথ

**৩. সুনাগরিক বলতে বুঝায়—**
i. যে কোনো পরিস্থিতিতে নিজেকে সংযত রাখে
ii. যে কঠিন সমস্যার সহজ সমাধান দিতে পারে
iii. যার ভালো-মন্দ পার্থক্য করার ক্ষমতা আছে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii  ⓚ ii ও iii
ⓖ i ও iii  ⓖ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ৪ নং প্রশ্নের উত্তর দাও:**
বিজয় লেখাপড়া শেষ করে চাকরিতে যোগদান করে এবং সীমাকে নিয়ে করে পরিবার গঠন করে। এখন তারা উভয়ই সুখী।

**৪. বিজয়ের পরবার গঠন কোন ধরনের অধিকার?**
ⓚ সামাজিক  ⓚ রাজনৈতিক
ⓖ অর্থনৈতিক  ⓖ নৈতিক

**৫. আন্তর্জাতিক আইনের মাধ্যমে কী হয়?**
ⓚ এক রাষ্ট্র অন্য রাষ্ট্রের সাথে সম্পর্ক কেমন হবে তা নির্ধারণ হয়
ⓚ ব্যবসা বাণিজ্য কেমন হয় তা নির্ধারণ হয়
ⓖ ব্যক্তিবর্গের কর্মকাণ্ড নির্ধারণ হয়
ⓖ সামাজিক শৃঙ্খলা বজায় থাকে

**৬. গণতন্ত্রের ভিত্তিরূপে কাজ করে—**
ⓚ সামাজিক সাম্য  ⓚ ব্যক্তিগত সাম্য
ⓖ সাম্য ও স্বাধীনতা  ⓖ অর্থনৈতিক সাম্য

**৭. দ্রব্যসামগ্রী তৈরি, স্থানান্তর, সম্পদ বাড়ানোর ক্ষেত্রে যেখানে কারো নিয়ন্ত্রণ নেই এই ধরনের রাষ্ট্র হলো—**
ⓚ গণতন্ত্র  ⓚ সমাজতন্ত্র
ⓖ ইসলামী রাষ্ট্র  ⓖ পুঁজিবাদী

**৮. গণতান্ত্রিক রাষ্ট্রে ক্ষমতার মালিক কে?**
ⓚ রাষ্ট্র  ⓚ জনগণ
ⓖ সরকার  ⓖ প্রশাসন

**নিচের উদ্দীপকটি পড়ে ৯ এবং ১০ নং প্রশ্নের উত্তর দাও:**
'ক' স্কুলটির পরিচালনার নিয়ম-নীতি নির্ধারণ করেন ম্যানেজিং কমিটির সভাপতি আজমল আলি। পাঠদান পদ্ধতি, পরীক্ষা গ্রহণ, নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে তার মতকে প্রাধান্য দিতে সকলে বাধ্য। প্রতিবাদের মাধ্যমে নতুন সভাপতি নির্বাচিত হয়। তিনি সকলের মতামতকে প্রাধান্য দিয়ে নতুন নিয়মে স্কুল পরিচালনা করেন। এতে সকলেই খুশি।

**৯. স্কুল পরিচালনার নতুন সভাপতি নির্বাচন পদ্ধতির সাথে কোন দেশের সংবিধান প্রণয়নের মিল রয়েছে?**
ⓚ ভারত  ⓚ পাকিস্তান
ⓖ চীন  ⓖ নেপাল

**১০. আজমল আলির কার্যক্রমের ফলে—**
i. ব্যক্তিস্বার্থ প্রাধান্য পায়
ii. জনগণের কল্যাণে বিঘ্ন ঘটে
iii. শাসক অত্যাচারী শাসকে পরিণত হয়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii  ⓚ ii ও iii
ⓖ i ও iii  ⓖ i, ii ও iii

**১১. বাংলাদেশের রাষ্ট্রপতি হতে হলে কমপক্ষে কত বছর বয়স হতে হবে?**
ⓚ ৩৫ বছর  ⓚ ৪০ বছর
ⓖ ৪৫ বছর  ⓖ ৫০ বছর

**১২. মন্ত্রণালয়ের প্রধান পরামর্শদাতা কে?**
ⓚ সচিব  ⓚ মন্ত্রী
ⓖ প্রধানমন্ত্রী  ⓖ রাষ্ট্রপতি

**১৩. রাজনৈতিক দলের প্রধান লক্ষ্য হচ্ছে—**
ⓚ সততা ও নিষ্ঠার সাথে দেশের শাসনকার্য পরিচালনা করা
ⓚ নির্বাচনের ওয়াদা প্রদান করা
ⓖ রাষ্ট্রের সমস্যা চিহ্নিত করা
ⓖ সভা-সমাবেশ করা

**নিচের উদ্দীপকটি পড়ে ১৪ নং প্রশ্নের উত্তর দাও:**
রাকিব তার বন্ধু সুজনকে জানায়, আমার বাবা বাংলাদেশের রাষ্ট্রপতি নির্বাচনে ভোট প্রদান করেছেন।

**১৪. রাকিবের বাবা একজন—**
ⓚ সংসদ সদস্য  ⓚ সচিব
ⓖ মেম্বার  ⓖ চেয়ারম্যান

**১৫. নারীর ক্ষমতায়ন বলতে বুঝায়—**
i. পরিবারে নারীর অবস্থান নিশ্চিতকরণ
ii. নির্দ্বিধায় নিজের মনোভাব প্রকাশ
iii. নারীর আর্থিক স্বচ্ছলতা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii  ⓚ ii ও iii
ⓖ i ও iii  ⓖ i, ii ও iii

**১৬. জনসংখ্যার দিক থেকে বাংলাদেশ পৃথিবীতে—**
ⓚ ১০ম  ⓚ ৯ম
ⓖ ৮ম  ⓖ ৭ম

**১৭. জাতি, ধর্ম, বর্ণ দ্বারা পরিচিত না হয়ে বাঙালী এক পরিচয়ে পরিচিত হয় যে আন্দোলনের মাধ্যমে তা হলো—**
ⓚ ফরায়েজী আন্দোলন
ⓚ ভাষা আন্দোলন
ⓖ মুক্তিযুদ্ধ
ⓖ গণঅভ্যুত্থান

teachingbd24.com

১৮. টেংকু আব্দুর রহমান প্রথম মহাসচিব হন কোন সংস্থার?
ক) ইসলামি সহযোগিতা সংস্থা
খ) কমনওয়েলথ
গ) জাতিসংঘ
ঘ) আঞ্চলিক সহযোগিতা সংস্থা

**নিচের উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও:**
জনাব 'ক' একজন নির্বাচিত জনপ্রতিনিধি। তার এলাকায় একটি বিশ্ববিদ্যালয় স্থাপনের জন্য বিল উত্থাপন করলে বিলটি পাস হয়। জনাব 'খ' উচ্চ আদালতের প্রধান। তিনি একটি মামলার শাস্তি নির্ধারণের সময় প্রচলিত আইন যথেষ্ঠ নয় মনে করে নিজস্ব বুদ্ধি দ্বারা মামলাটি নিষ্পত্তি করেন।

১৯. জনাব 'ক' যেখানে বিল উত্থাপন করে তা আইনের কোন ধরনের উৎস?
ক) ন্যায়বোধ খ) আইনসভা
গ) ধর্ম ঘ) বিচারকের রায়

২০. জনাব 'খ' এর সিদ্ধান্ত প্রদান পদ্ধতিটি আইনের একটি গুরুত্বপূর্ণ উৎস, কারণ—
i. বিচারক নিজের বুদ্ধি প্রয়োগ করার সুযোগ পায়
ii. অপরাধের মাত্রানুযায়ী শাস্তি দেওয়ার সুযোগ থাকে
iii. যে কেহ এই রায় পরবর্তীতে অনুসরণ করতে পারে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

২১. রাষ্ট্রপতিশাসিত সরকার প্রচলিত আছে নিচের কোন রাষ্ট্রে?
ক) যুক্তরাষ্ট্র খ) সৌদি আরব
গ) ভারত ঘ) যুক্তরাজ্য

২২. যুক্তফ্রন্ট নির্বাচনের প্রাক্কালে কত দফাবিশিষ্ট একটি কর্মসূচী গ্রহণ করে?
ক) ৬ দফা খ) ৮ দফা
গ) ১১ দফা ঘ) ২১ দফা

২৩. গণতান্ত্রিক শাসন ব্যবস্থায় স্থানীয় সরকার অপরিহার্য, কারণ—
ক) জনগণ রাষ্ট্রের কার্যাবলীতে মতামত দেওয়ার সুযোগ পায়
খ) বিরোধী দল শক্তিশালী হয়
গ) সরকার নিজ দায়িত্ব সম্পর্কে উদগ্রীব থাকে
ঘ) সুযোগ সুবিধা নিশ্চিত হয়

**নিচের উদ্দীপকটি পড়ে ২৪ নং প্রশ্নের উত্তর দাও:**
রাবেয়া ৬ষ্ঠ শ্রেণির ছাত্রী। রাবেয়ার বাবা তার মাকে জানায়, তার লেখাপড়া করার দরকার নেই। তার চেয়ে বিয়ে দেওয়াই ভালো। যা দিনকাল পড়েছে, কখন না কি বিপদে পড়ি। বাবা রাবেয়াকে তখনই বিয়ে দিয়ে দিলেন। বর্তমানে রাবেয়া ৬ সন্তানের মা।

২৪. উদ্দীপকটিতে জনসংখ্যা বৃদ্ধির কোন কারণটি প্রতীয়মান হয়?
ক) দারিদ্রতা
খ) জন্ম শাসনের অভাব
গ) সামাজিক দৃষ্টিভঙ্গি
ঘ) শিক্ষার অভাব

২৫. আধুনিক রাষ্ট্রবিজ্ঞানীরা ঐশী মতবাদকে অগণতান্ত্রিক বলেছেন কেন?
i. এর মাধ্যমে জবাবদিহিতার সুযোগ নেই
ii. জনগণের স্বাধীনতা নেই
iii. শাসকের আদেশ মেনে না চললেও চলে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৬. বাংলাদেশের সংবিধানের কতটি অনুচ্ছেদ রয়েছে?
ক) ১৫৫ খ) ১৫৪
গ) ১৫৩ ঘ) ১৫২

২৭. পুঁজিবাদী রাষ্ট্রে—
i. ব্যক্তি নিজেই সম্পত্তির মালিক
ii. ব্যক্তিগত সম্পদে রাষ্ট্রের হস্তক্ষেপ থাকে না
iii. একটিমাত্র রাজনৈতিক দল থাকে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও:**
সুমন বাবার সাথে মুক্তিযুদ্ধ যাদুঘর পরিদর্শন করতে যায়। গ্যালারীতে প্রদর্শিত কিছু চিত্র দেখে সুমন আঁতকে ওঠে। যা ছিল হাজার হাজার বাঙালির নির্মমভাবে হত্যা করার চিত্র। অপর একটি গ্যালারীতে সুমন একটি প্রামাণ্য চিত্র দেখতে পায়। পতাকা হাতে বিজয়ের মিছিল, কণ্ঠে সবার একই গান "আমার সোনার বাংলা আমি তোমায় ভালোবাসি"।

২৮. সুমনের দেখা চিত্রটি ইতিহাসের কোন তারিখকে স্মরণ করিয়ে দেয়?
ক) ২৩ মার্চ খ) ২৪ মার্চ
গ) ২৫ মার্চ ঘ) ২৬ মার্চ

২৯. সুমনের দেখা দ্বিতীয় চিত্রের মাধ্যমে প্রকাশিত হয়—
i. বাংলাদেশ স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্র
ii. বাংলাকে রাষ্ট্রভাষার মর্যাদা দান
iii. হানাদার বাহিনীর প্রতি প্রতিবাদ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩০. কমনওয়েলথ বিশ্বের বৃহত্তম আন্তর্জাতিক সংগঠনগুলোর মধ্যে কততম?
ক) ৫ম খ) ৪র্থ
গ) ৩য় ঘ) ২য়

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | গ | ৩ | খ | ৪ | ক | ৫ | ক | ৬ | গ | ৭ | খ | ৮ | খ | ৯ | গ | ১০ | খ | ১১ | ক | ১২ | ক | ১৩ | ক | ১৪ | ক | ১৫ | খ |
| | ১৬ | গ | ১৭ | খ | ১৮ | ক | ১৯ | খ | ২০ | ঘ | ২১ | ক | ২২ | খ | ২৩ | ক | ২৪ | গ | ২৫ | ক | ২৬ | গ | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | খ |

https://teachingbd24.com